দৈনিক
ইনকিলাব

তারিখ ... 30 DEC 2002
পৃষ্ঠা [illegible] কলাম ৭

প্রিন্সিপালের কাণ্ড!

# দু'টি কলেজের ছাত্রীরা মার্কসশীট পায়নি

**কুড়িগ্রাম জেলা সংবাদদাতা ঃ** রাজশাহী শিক্ষা বোর্ডে পরীক্ষা ফিসের টাকা বকেয়া রাখায় রাজারহাট মীর ইসমাইল হোসেন ডিগ্রী কলেজ কেন্দ্রের আওতাধীন দু'টি কলেজের গত এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ৩৭৬ জন ছাত্রীর টেবুলেশনশীট ও মার্কসশীট এখন পর্যন্ত আসেনি। ফলে এই দু'টি কলেজের পাস করা ২৪ জন ছাত্রীর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে, মেডিকেল, কৃষি বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন প্রতিষ্ঠানের আসন্ন ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ সম্ভব হচ্ছে না। কেননা মার্কসশীট না থাকায় তারা আবেদনই করতে পারছে না। পাশাপাশি যারা অকৃতকার্য হয়েছেন তারা কোন বিষয়ে কত নম্বর পেয়েছে তাও জানতে পারছে না। তাছাড়া তারা পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের জন্য টেস্ট পরীক্ষায় অংশ নিতে পারছে না। এই জটিল পরিস্থিতিতে ছাত্রী ও অভিভাবকরা প্রতিদিন কলেজে যাচ্ছেন এবং হতাশ হয়ে ফিরে আসছেন। দুই কলেজের অধ্যক্ষই এখন লাপাত্তা। অন্য শিক্ষকরা পড়েছেন বিব্রতকর অবস্থায়। জানা গেছে, ঐ পরীক্ষা কেন্দ্রে মীর ইসমাইল হোসেন ডিগ্রী কলেজের ৬৭৩ জন ছাত্র-ছাত্রী, আদর্শ মহিলা কলেজের ২৩৭ জন, রাজারহাট মহিলা কলেজের ১৩৯ জন ছাত্রী গত এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের কাছ থেকে যথারীতি পরীক্ষার ফিস, কেন্দ্র ফিসসহ অন্যান্য ফিস আদায় করলেও বোর্ডে বকেয়া রেখে প্রবেশপত্র সংগ্রহ করে নিয়ে আসে। কিন্তু পরবর্তীতে বকেয়া টাকা পরিশোধ না করায় বোর্ড কর্তৃপক্ষ টেবুলেশনশীট ও মার্কসশীট আটকে রাখে। এ নিয়ে সাপ্তাহিক বাহের দেশ- এ সংবাদ প্রকাশিত হলে সংশ্লিষ্টগণের টনক নড়ে। রাজারহাট মীর ইসমাইল হোসেন ডিগ্রী কলেজের অধ্যক্ষ বকেয়া পরিশোধ করে টেবুলেশনশীট ও মার্কসশীট নিয়ে আসলেও আদর্শ মহিলা কলেজ ও রাজারহাট মহিলা কলেজের কর্তৃপক্ষ তাদের বকেয়া পরিশোধ না করায় তাদের কলেজের টেবুলেশনশীট ও মার্কসশীট এখন পর্যন্ত আসেনি।